২৭

তারিখ ... 31 JUL 1997 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৪ ......

দৈনিক সংবাদ

# সরকারি কলেজে সিট সীমিত ।। বেসরকারি কলেজেও এবার ভর্তি সংকট প্রকট

।। হাবিবুর রহমান স্বপন ।।

পাবনা, ৩০শে জুলাই।– গত বছরের তুলনায় এবার দেশের কলেজসমূহে আসন সংকট তীব্র আকার ধারণ করবে। ১৫টি বিশ্ববিদ্যালয় কলেজ এবার আর এইচএসসি শ্রেণীতে ছাত্রছাত্রী ভর্তি করবে না। এছাড়া এবার পাসের হার বেশি। প্রায় পৌনে ৪ লাখ ছাত্রছাত্রী উত্তীর্ণ হয়েছে।

দেশে রয়েছে ৬শ' ৩টি মহাবিদ্যালয়, এর মধ্যে মহিলা মহাবিদ্যালয়ের মধ্যে মহিলা মহাবিদ্যালয় ৮৪টি। এসব কলেজে আসন সংখ্যা ৯৬ হাজার ৮শ'। অথচ এ বছর পাস করেছে ৩ লাখ ৭৩ হাজার ৭শ' ৩০ জন। এর মধ্যে ১ লাখ ২৮ হাজার ৭শ' ৫ জন প্রথম বিভাগে। ২ লাখ ৩৪ হাজার ৩শ' ৪২ জন দ্বিতীয় বিভাগে এবং ১০ হাজার ৬শ' ত৮৩ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে।

এ হিসেবে প্রথম বিভাগে উত্তীর্ণ মোট ছাত্রের মধ্যে আসনপূর্ণ হয়ে অবশিষ্ট থাকবে ৩৩ হাজার ছাত্রছাত্রী। এরপর দ্বিতীয় এবং তৃতীয় বিভাগে উত্তীর্ণ ছাত্রছাত্রীরা কোথায়ও ভর্তি হতে পারবে না। অনুমোদন বিহীন নতুন কলেজে এবার যদিও প্রায় ৩০ হাজার ছাত্রছাত্রী ভর্তি হতে পারবে। তবে এতে সংকট কাটবে না।

সূত্র মতে, রাজশাহী বোর্ডে চলতি বছর ৯০ হাজার ১শ' ৩৫ জন ছাত্রছাত্রী পাস করেছে। এদের মধ্যে ২৭ হাজার ১শ' ৯৩ জন প্রথম, ৫৯ হাজার ৪শ' ৬০ জন দ্বিতীয় বিভাগে পাস করেছে। অথচ রাজশাহী বোর্ডের অধীনে কলেজ রয়েছে ১শ' ৮৭টি। এসব কলেজে আসন সংখ্যা ২০ হাজার ৯শ'। ভাল ছাত্রদের অভিভাবকরা সবচেয়ে চিন্তিত কারণ এবার ভাল কলেজগুলো এইচএসসি শ্রেণীতে ছাত্রছাত্রী ভর্তি করবে না। যেমন পাবনার এডওয়ার্ড বিশ্ববিদ্যালয় কলেজ ও বগুড়া'র আজিজুল হক কলেজে অনার্স শ্রেণীতে পাড়নোর চাপ হেতু এইচএসসিতে ভর্তি বন্ধ হবে।

ঢাকা বোর্ডে ১ লাখ ৭শ' ৩০ জন পাস করেছে। সরকারি বেসরকারি মিলিয়ে কলেজ ১শ' ৪৫টি। আসন সংখ্যা ৩০ হাজার। ৪০ হাজার ৭শ' ২ জন প্রথম বিভাগে,ত ৬৪ হাজার ৩শ' ৯ জন দ্বিতীয় বিভাগে পাস করেছে ঢাকা বোর্ডে।

চট্টগ্রাম বোর্ডে ৩৮ হাজার ২শ' ৪২ জন পাস করেছে। এদের মধ্যে ১২ হাজার ৭শ' ৫৪ জন প্রথম বিভাগে, এবং দ্বিতীয় বিভাগে পাস করেছে ২৪ হাজার। আসন সংখ্যা মাত্র ১৭ হাজার। কুমিল্লা বোর্ডে পাস করেছে ৭৩ হাজার ৯০ জন। এর মধ্যে প্রথম বিভাগে ২৭ হাজার ১শ' ৭১ জন। দ্বিতীয় বিভাগে ৪৪ হাজার ৩শ' ৫৩ জন। আসন সংখ্যা ২৪ হাজার ৭শ' মাত্র।

যশোর বোর্ডে পাস করেছে ৬৪ হাজার ৫শ' ৮৭ জন। এর মধ্যে ২০ হাজার ৯শ' ৩৯ জন প্রথম বিভাগে এবং ৪১ হাজার ৯শ' ৪৮ জন দ্বিতীয় বিভাগে। অপরদিকে খুলনা বিভাগে ৬৪টি কলেজে ১২ হাজার, বরিশাল বিভাগের ৪১টি কলেজে ৬ হাজার আসন রয়েছে। অর্থাৎ দু'টি বিভাগ মিলিয়ে যশোর বোর্ডের ১শ' ৫টি কলেজে আসন সংখ্যা মাত্র ১৮ হাজার। তৃতীয় বিভাগে উত্তীর্ণদের ভর্তি হবার সুযোগ কম। তবে চট্টগ্রাম ও ঢাকা বিভাগে সরকারি কলেজের সংখ্যা রয়েছে বেশি। থানা পর্যায়েও বহু কলেজ সরকারি। সে তুলনায় রাজশাহী ও খুলনা বিভাগে সরকারি কলেজের সংখ্যা অনেক কম। থানা পর্যায়ে গুটিকয়েক কলেজ সরকারি।